

জনতা ব্যাংক পিএলসি.

প্রধান কার্যালয়

১১০, মতিঝিল বা/এ, ঢাকা।

Website: www.jb.com.bd

রিস্ক ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ফোন: ৫৫১১০০৩৭

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১২৫৯/২৪

তারিখ: ১৭ এপ্রিল ২০২৪
০৪ বৈশাখ ১৪৩১

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/
সকল শাখা এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয় : ঋণ ও অগ্রিম-এর সুদহার পুনঃনির্ধারণ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জারিকৃত প্রধান কার্যালয়ের নির্দেশ বিজ্ঞপ্তি ১২২১/২৩ তারিখ: ০২ আগস্ট ২০২৩ এবং নির্দেশ বিজ্ঞপ্তি ১২৫৩/২৪ তারিখ: ০৬ মার্চ ২০২৪-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

২. ইতঃপূর্বে বিআরপিডি সার্কুলার লেটার নং-১১/২০২৪ তারিখ: ২৯ ফেব্রুয়ারি ২০২৪-এর মাধ্যমে SMART (Six-Months Moving Average Rate of Treasury Bill)-এর সাথে সর্বোচ্চ ৩.৫% যোগ করে ঋণ ও অগ্রিমের সুদহার এবং প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ ও কৃষি/পল্লী ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে সর্বোচ্চ ২.৫% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। এক্ষেত্রে, ঋণ ও অগ্রিমের সুদহার বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-১৬ তারিখ: ৩১ মার্চ ২০২৪ জারি করা হয়েছে যার মূল নির্দেশনা নিম্নরূপ:

ক) ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ৩.০% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে; এবং
খ) প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ এবং কৃষি ও পল্লী ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ২.০% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে।

গ) এ নির্দেশনা জারির পর হতে নতুনভাবে বিতরণকৃত ঋণের বিপরীতে অনুচ্ছেদ নং-২(ক) ও ২(খ) এ বর্ণিত সুদহার মার্জিন প্রযোজ্য হবে। ইতঃপূর্বে বিতরণকৃত ঋণের সুদহার পরিবর্তনের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এর অনুচ্ছেদ নং-৫ এর নির্দেশনা পরিপালনীয় হবে।

ঘ) এ নির্দেশনা জারির মাধ্যমে বিআরপিডি সার্কুলার লেটার নং-১১/২০২৪ এর নির্দেশনা রহিত করা হলো। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭/২০২৩ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৩. বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ঋণ ও অগ্রিমের সুদহার পুনঃনির্ধারণ সংক্রান্ত নির্দেশনা নিম্নরূপে বাস্তবায়নের বিষয়টি পরিচালনা পর্যদের ১৭ এপ্রিল তারিখে অনুষ্ঠিত ৮১২তম সভায় অনুমোদিত হয়েছে:


৩.১ ০১ এপ্রিল ২০২৪ হতে নতুন মঞ্জুরিকৃত/নবায়নকৃত/পুনঃতফসিলকৃত/পুনর্গঠনকৃত ঋণের ক্ষেত্রে পুনঃনির্ধারিত সুদহার সংক্রান্ত নির্দেশনা কার্যকর হবে। এক্ষেত্রে যে সকল খাত/ক্যাটাগরির ঋণের ক্ষেত্রে নির্দেশ বিজ্ঞপ্তি নং-১২৫৩ তারিখ: ০৬ মার্চ ২০২৪ অনুযায়ী সুদহার SMART+৩.৫০% এবং SMART+২.৫০% নির্ধারিত রয়েছে/ছিল শুধুমাত্র সেকল খাত/ক্যাটাগরির ঋণের সুদহার হবে যথাক্রমে SMART+৩.০০% এবং SMART+২.০০%।

৩.২ অন্যান্য খাত/ক্যাটাগরির ঋণের ক্ষেত্রে নির্দেশ বিজ্ঞপ্তি ১২২১/২৩ তারিখ: ০২ আগস্ট ২০২৩-এ বর্ণিত সুদহার এবং অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।


৩.৩ নির্দেশ বিজ্ঞপ্তি ১২৫৩/২৪ তারিখ: ০৬ মার্চ ২০২৪-এর নির্দেশনা রহিত বলে গণ্য হবে।

৩.৪ উক্ত নির্দেশনা ০১ এপ্রিল ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিজ্ঞপ্তি জারি করা হলো।


১৭-০৪-২০২৪
সুলতানা রাজিয়া
উপমহাব্যবস্থাপক

আপনাদের বিশ্বস্ত


১৭-০৪-২০২৪
মেহের সুলতানা
মহাব্যবস্থাপক